**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
**সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়**
**পরিকল্পনা ও উন্নয়ন শাখা-১, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।**
(ফ্যাক্স: ৯৫৭৬৫৩৫, ই-মেইল: sac@moca.gov.bd ওয়েবসাইট: www.moca.gov.bd)

স্মারক : ৪৩.০০.০০০০.১১৮.১৪.৫৪৯.১৫- ৫২৭

তারিখ : ০১ আশ্বিন ১৪২৫ বঙ্গাব্দ।
১৬ সেপ্টেম্বর ২০১৮ খ্রিস্টাব্দ।

**বিষয়: সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়ে ০৫.০৯.২০১৮ তারিখে অনুষ্ঠিত ২০১৭-১৮ অর্থবছরের বার্ষিক উন্নয়ন কর্মসূচিভুক্ত প্রকল্পসমূহ এবং রাজস্ব বাজেটভুক্ত কর্মসূচিসমূহ পর্যালোচনা সভার কার্যবিবরণী প্রেরণ।**

সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়ের আওতায় ২০১৭-১৮ অর্থবছরের বার্ষিক উন্নয়ন কর্মসূচিভুক্ত প্রকল্পসমূহ এবং রাজস্ব বাজেটভুক্ত কর্মসূচিসমূহের আগস্ট ২০১৮ পর্যন্ত বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা সভা ০৫.০৯.২০১৮ তারিখে মন্ত্রণালয়ের সভাকক্ষে অনুষ্ঠিত হয়। সভাপতিত্ব করেন এ মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রী জনাব আসাদুজ্জামান নূর এম.পি. ।

২। বর্ণিত সভার কার্যবিবরণী সানুগ্রহ অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে নির্দেশক্রমে এতৎসঙ্গে প্রেরণ করা হলো। সভায় গৃহীত সিদ্ধান্ত প্রতিপালন করে আগামী পাঁচ কার্যদিবসের মধ্যে এ মন্ত্রণালয়কে অবহিত করার জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করা হলো।

সংযুক্তি : যথাবর্ণনা।

১৬.০৯.১৮

আহমেদ শিবলী
সিনিয়র সহকারী প্রধান
ফোন : ৯৫৭৬৫৩৬

**বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :**

১. মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, পুরাতন সংসদ ভবন, ঢাকা (দৃষ্টি আকর্ষণ: পরিচালক-৭)।
২. ভারপ্রাপ্ত সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (দৃষ্টি আকর্ষণ : অতিরিক্ত সচিব, বাজেট-৭)।
৩. সচিব, অর্থনৈতিক সম্পর্ক বিভাগ, অর্থ মন্ত্রণালয়, শেরেবাংলা নগর, ঢাকা।
৪. সচিব, ভূমি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৫. প্রধান, আর্থসামাজিক অবকাঠামো বিভাগ, পরিকল্পনা কমিশন, শেরেবাংলা নগর, ঢাকা (ব্লক-১)।
৬. প্রধান প্রকৌশলী, গণপূর্ত অধিদপ্তর, পূর্ত ভবন, সেগুনবাগিচা, ঢাকা।
৭. প্রধান স্থপতি, স্থাপত্য অধিদপ্তর, সেগুনবাগিচা, ঢাকা।
৮. অতিরিক্ত সচিব (উন্নয়ন ও পরিকল্পনা), সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৯. মহাপরিচালক, বাংলা একাডেমি, রমনা, ঢাকা।
১০. মহাপরিচালক, বাংলাদেশ শিল্পকলা একাডেমি, সেগুনবাগিচা, ঢাকা।
১১. মহাপরিচালক, বাংলাদেশ জাতীয় জাদুঘর, শাহবাগ, ঢাকা।
১২. মহাপরিচালক, প্রত্নতত্ত্ব অধিদপ্তর, আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা।
১৩. মহাপরিচালক, গণগ্রন্থাগার অধিদপ্তর, শাহবাগ, ঢাকা।
১৪. মহাপরিচালক, আর্কাইভস ও গ্রন্থাগার অধিদপ্তর, শেরেবাংলা নগর, ঢাকা।
১৫. মহাপরিচালক (স্বাস্থ্য ও গৃহায়ণ), বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ, পরিকল্পনা মন্ত্রণালয়, শেরেবাংলা নগর, ঢাকা (ব্লক-১১)।
১৬. নির্বাহী পরিচালক, কবি নজরুল ইন্সটিটিউট, কবিভবন, ধানমন্ডি, ঢাকা।
১৭. অতিরিক্ত সচিব (পরিকল্পনা ও উন্নয়ন), সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১৮. পরিচালক, জাতীয় গ্রন্থকেন্দ্র, ৫/সি বঙ্গবন্ধু এভিনিউ, গুলিস্তান, ঢাকা।
১৯. উপসচিব (বাজেট), সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২০. রেজিস্ট্রার, কপিরাইট অফিস, শেরেবাংলা নগর, ঢাকা।
২১. পরিচালক, বাংলাদেশ লোক ও কারুশিল্প ফাউন্ডেশন, সোনারগাঁও, নারায়ণগঞ্জ।
২২. উপপ্রধান, সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২৩. প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা, সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়, সচিবালয় ভবন, ৩য় ফেজ, সেগুনবাগিচা, ঢাকা।
২৪. সিনিয়র সহকারী প্রধান, পরিকল্পনা ও উন্নয়ন শাখা-২, সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২৫. সভাপতি, এশিয়াটিক সোসাইটি অব বাংলাদেশ, ৫, পুরাতন সচিবালয় রোড, রমনা, ঢাকা।
২৬. সভাপতি, অগ্রসর বিক্রমপুর ফাউন্ডেশন, পথরেখা কার্যালয়, ষষ্ঠ তলা, ব্লক বি, কনকর্ড আর্কেডিয়া শপিং মল, বাড়ি নম্বর ৫/১, সড়ক নম্বর-৪ (ভাষা সৈনিক অলি আহাদ রোড), ধানমন্ডি আবাসিক এলাকা, ঢাকা-১২০৫।

(অ:পৃ:দ্র:)

২৭. প্রকল্প পরিচালক, 'বিভাগীয় ও জেলা শিল্পকলা একাডেমি নির্মাণ' প্রকল্প, বাংলাদেশ শিল্পকলা একাডেমি, সেগুনবাগিচা, ঢাকা।
২৮. প্রকল্প পরিচালক, '১৫টি জেলা শিল্পকলা একাডেমির নবায়ন, সংস্কার ও মেরামত' প্রকল্প, শিল্পকলা একাডেমি, সেগুনবাগিচা, ঢাকা।
২৯. প্রকল্প পরিচালক, 'জাতীয় চিত্রশালা এবং জাতীয় সংগীত ও নৃত্যকলা কেন্দ্রের সম্প্রসারণ ও অসমাপ্ত কাজ সমাপ্তকরণ' প্রকল্প, বাংলাদেশ শিল্পকলা একাডেমি, সেগুনবাগিচা, ঢাকা।
৩০. প্রকল্প পরিচালক, 'কুষ্টিয়া জেলা শিল্পকলা একাডেমি নির্মাণ' প্রকল্প, বাংলাদেশ শিল্পকলা একাডেমি, সেগুনবাগিচা, ঢাকা।
৩১. প্রকল্প পরিচালক, 'ছয়টি জেলা পাবলিক লাইব্রেরির উন্নয়ন' প্রকল্প, গণগ্রন্থাগার অধিদপ্তর, শাহবাগ ঢাকা।
৩২. প্রকল্প পরিচালক, 'চট্টগ্রাম মুসলিম ইনস্টিটিউট সাংস্কৃতিক কমপ্লেক্স স্থাপন' প্রকল্প, গণগ্রন্থাগার অধিদপ্তর, শাহবাগ ঢাকা।
৩৩. প্রকল্প পরিচালক, 'অনলাইনে গণগ্রন্থাগারসমূহের ব্যবস্থাপনা ও উন্নয়ন প্রকল্প' গণগ্রন্থাগার অধিদপ্তর, শাহবাগ ঢাকা।
৩৪. প্রকল্প পরিচালক, 'খাগড়াছড়ি ক্ষুদ্র নৃ-গোষ্ঠীর সাংস্কৃতিক ইন্সটিটিউট এর অবকাঠামো উন্নয়ন' প্রকল্প, ক্ষুদ্র নৃগোষ্ঠীর সাংস্কৃতিক ইন্সটিটিউট, খাগড়াছড়ি।
৩৫. প্রকল্প পরিচালক, 'আধুনিক প্রযুক্তির মাধ্যমে সাংস্কৃতিক ঐতিহ্য সংরক্ষণ' প্রকল্প, বাংলাদেশ জাতীয় জাদুঘর, শাহবাগ, ঢাকা।
৩৬. প্রকল্প পরিচালক, 'তিনটি জেলায় তিনজন বরেণ্য ব্যক্তির স্মৃতি কেন্দ্র/সংগ্রহশালা স্থাপন' প্রকল্প, জাতীয় জাদুঘর, শাহবাগ, ঢাকা।
৩৭. প্রকল্প পরিচালক, 'গণহত্যা-নির্যাতন ও মুক্তিযুদ্ধ বিষয়ক গবেষণা কেন্দ্র স্থাপন' প্রকল্প, ১৯৭১: গণহত্যা-নির্যাতন আর্কাইভ ও জাদুঘর ট্রাস্ট, ২৬, সাউথ সেন্ট্রাল রোড, খুলনা।
৩৮. প্রকল্প পরিচালক, কপিরাইট ভবন নির্মাণ' প্রকল্প, কপিরাইট অফিস, শেরেবাংলা নগর, ঢাকা।
৩৯. প্রকল্প পরিচালক, 'মনিপুরী ললিতকলা একাডেমির প্রশিক্ষণ সেন্টার, প্রশাসনিক ভবন ও গেস্ট হাউস নির্মাণ' মাধবপুর শিববাজার, কেরামতনগর, কমলগঞ্জ, মৌলভীবাজার।
৪০. প্রকল্প পরিচালক, 'নজরুলের অপ্রচলিত গানের সুর সংগ্রহ, স্বরলিপি প্রণয়ন, সংরক্ষণ ও প্রচার এবং নবীন প্রজন্মকে অবহিতকরণের জন্য নজরুল সম্মেলন' প্রকল্প, নজরুল ইন্সটিটিউট, কবিভবন, ধানমন্ডি, ঢাকা।
৪১. প্রকল্প পরিচালক, 'ঢাকাস্থ নজরুল ইনস্টিটিউটের নতুন ভবন নির্মাণ এবং ঢাকা, ময়মনসিংহ ও কুমিল্লায় বিদ্যমান ভবনের রিনোভেশন' প্রকল্প, কবি নজরুল ইন্সটিটিউট, কবিভবন, ধানমন্ডি, ঢাকা।
৪২. কর্মসূচি পরিচালক, 'বাংলাদেশের মুক্তিযুদ্ধের এনসাইক্লোপিডিয়া' শীর্ষক কর্মসূচি, এশিয়াটিক সোসাইটি অব বাংলাদেশ, ৫, পুরাতন সচিবালয় রোড, রমনা, ঢাকা।
৪৩. পরিচালক, ক্ষুদ্র নৃগোষ্ঠীর সাংস্কৃতিক ইন্সটিটিউট, বান্দরবান।
৪৪. উপপরিচালক, ক্ষুদ্র নৃগোষ্ঠীর সাংস্কৃতিক ইন্সটিটিউট, খাগড়াছড়ি।
৪৫. পরিচালক, ক্ষুদ্র নৃগোষ্ঠীর সাংস্কৃতিক ইন্সটিটিউট, রাঙ্গামাটি।
৪৬. পরিচালক, ক্ষুদ্র নৃগোষ্ঠীর কালচারাল একাডেমি, বিরিশিরি, নেত্রকোনা।
৪৭. পরিচালক, কক্সবাজার সাংস্কৃতিক কেন্দ্র, কক্সবাজার।
৪৮. উপপরিচালক, মণিপুরী ললিতকলা একাডেমি, মাধবপুর শিববাজার, কেরামতনগর, কমলগঞ্জ, মৌলভীবাজার।
৪৯. উপপরিচালক, রাজশাহী বিভাগীয় ক্ষুদ্র নৃগোষ্ঠীর কালচারাল একাডেমি, রাজশাহী।
৫০. সভাপতি, বীরকন্যা প্রীতিলতা ট্রাস্ট, ধলঘাট, উপজেলা: পটিয়া, জেলা: চট্টগ্রাম।

<u>অনুলিপি (সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে) :</u>

১. মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. সচিবের একান্ত সচিব, সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

**২০১৮-১৯ অর্থবছরের বার্ষিক উন্নয়ন কর্মসূচিভুক্ত সকল প্রকল্প এবং রাজস্ব বাজেটভুক্ত কর্মসূচি পর্যালোচনা সভার কার্যবিবরণী।**

সভাপতি : জনাব আসাদুজ্জামান নূর এম.পি. মন্ত্রী, সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়
সভার তারিখ : ০৫ সেপ্টেম্বর ২০১৮, বুধবার
স্থান : সভাকক্ষ, সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়
উপস্থিতি : কর্মকর্তাবৃন্দের তালিকা পরিশিষ্ট -'ক' তে যুক্ত করা হলো।

**১.০ ভূমিকা :**

১.১ সভার শুরুতে সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানান। সভাপতি উল্লেখ করেন যে সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয় সরকারের গুরুত্বপূর্ণ কার্যক্রম বাস্তবায়ন করছে। এ মন্ত্রণালয়ের চলমান প্রকল্পগুলো নির্ধারিত সময়ের মধ্যে সুষ্ঠুভাবে সম্পাদন করতে হবে। প্রকল্প পরিচালকদেরকে ব্যক্তিগত উদ্যোগ নিয়ে কাজ করতে হবে। তিনি আরও বলেন, গণগ্রন্থাগার অধিদপ্তর এবং জাতীয় জাদুঘরের ভবন নির্মাণের প্রকল্প অনুমোদনের বিষয়ে জরুরি পদক্ষেপ গ্রহন করতে হবে।

১.২ সভাপতির অনুরোধক্রমে সচিব মহোদয় বলেন যে, ২০১৮-১৯ অর্থবছরের এডিপিতে ২০৩ কোটি টাকা বরাদ্দ দেয়া হয়েছে। সংশোধিত এডিপিতে এবার কোন অর্থ কমানো হবে না। বরাদ্দকৃত অর্থের শতভাগ ব্যবহার নিশ্চিত করতে হবে। যাদের অতিরিক্ত অর্থের প্রয়োজন হবে সংশোধিত এডিপিতে তা বাড়ানো যাবে। তিনি বলেন যে, অন্য মন্ত্রণালয়ের তুলনায় সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়ের উন্নয়ন বাজেট অনেক কম। তারপরও বরাদ্দকৃত অর্থ শতভাগ ব্যয় হচ্ছে না। এ অবস্থা থেকে বেরিয়ে আসতে হবে। ভবিষ্যতে প্রকল্পের বরাদ্দ ১০০% ব্যয় নিশ্চিত করতে হবে। এ লক্ষ্যে সকলকে একযোগে পারস্পরিক সমন্বয় রেখে জোরালো ও কার্যকর পদক্ষেপ গ্রহণ করতে হবে। নতুন প্রকল্প অনুমোদনের জন্য দ্রুততার সাথে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহন করা প্রয়োজন। তিনি আরো উল্লেখ করেন যে,প্রকল্পের মেয়াদ বৃদ্ধির বিষয়ে আইএমইডি থেকে নিরুৎসাহিত করা হচ্ছে। তাই যথাসময়ে প্রকল্পের কাজ সম্পাদনের বিষয়ে যত্নবান হওয়ার জন্য তিনি সকলকে অনুরোধ জানান।

১.২ সভাপতির অনুমতিক্রমে অতিরিক্ত সচিব (পরিকল্পনা ও উন্নয়ন) সভাকে অবহিত করেন যে, ২০১৮-২০১৯ অর্থ বছরের এডিপিতে বাস্তবায়নাধীন মোট ১৫টি প্রকল্পের অনুকূলে ২০৩ কোটি ৬১ লক্ষ টাকা বরাদ্দ রয়েছে। তন্মধ্যে আগস্ট ২০১৮ পর্যন্ত অবমুক্ত হয়েছে ৪২ কোটি ৮১ লক্ষ ৪৯ হাজার টাকা। ব্যয় হয়েছে ৭৮ লক্ষ দুই হাজার টাকা যা মোট বরাদ্দের ০.৩৮%। তিনি সভাকে অবহিত করেন যে প্রকল্পের অর্থনৈতিক বিশ্লেষণের ক্ষেত্রে 'Discounting Rate' ১২% পুনঃনির্ধারণ করা হয়েছে।

**২.০ প্রকল্পভিত্তিক আলোচনা ও সিদ্ধান্ত :**

অতিরিক্ত সচিব (পরিকল্পনা ও উন্নয়ন) অতঃপর প্রকল্প/কর্মসূচিভিত্তিক আলোচনা শুরু করেন। প্রকল্পভিত্তিক আলোচনা ও সিদ্ধান্ত নিম্নে উল্লেখ করা হল :

| ক্রম | প্রকল্পের নাম | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| ২.১. | বিভাগীয় ও জেলা শিল্পকলা একাডেমি নির্মাণ | প্রকল্পটির অনুকূলে ২০১৮-১৯ অর্থবছরের এডিপিতে ৮২ কোটি টাকা বরাদ্দ রয়েছে। গণপূর্ত অধিদপ্তরের প্রতিনিধি জানান যে, প্রকল্পের সকল সাইটের একুস্টিক কাজের টেন্ডার আহবান করা হয়েছে। প্রকল্প পরিচালক জানান যে, মৌলভীবাজারে জমির মালিকানা বিষয়ে মামলা ও স্থগিত আদেশ হওয়ার প্রেক্ষিতে জেলা প্রশাসক, মৌলভীবাজার-এর ওপর আদালত অবমাননার আদেশ জারী হয়েছে। সচিব মহোদয় স্থগিত আদেশ প্রত্যাহার এবং জেলা প্রশাসকের পক্ষে আইনী সহায়তা প্রদানের বিষয়ে প্রকল্প পরিচালককে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের নির্দেশনা প্রদান করেন। | ২.১.১. প্রকল্পের সকল কাজের দরপত্র প্রক্রিয়াকরণ সেপ্টেম্বর মাসের মধ্যে সমাপ্ত করতে হবে;<br>২.১.২. জুন ২০১৯ এর মধ্যে প্রকল্পের সকল কাজ সম্পাদন করতে হবে; এবং<br>২.১.৩. মৌলভীবাজার জেলা শিল্পকলা একাডেমি নির্মানের বিষয়ে আদালতের স্থগিত আদেশ এবং জেলা প্রশাসকের ওপর আদালত অবমাননার বিষয়ে আইনি কার্যক্রম গ্রহণ করতে হবে। | সংশ্লিষ্ট নির্বাহী প্রকৌশলী, গণপূর্ত অধিদপ্তর, মন্ত্রণালয়ের প্লানিং সেল এবং প্রকল্প পরিচালক। |



G:\পরিকল্পনা-১\এডিপি সভা (৫৯)\Minutes\Min_August-১৮ (০৫-০৮-২০১৮).docx

| ক্রম | প্রকল্পের নাম | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| ২.২. | ১৫টি জেলা শিল্পকলা একাডেমির নবায়ন, সংস্কার ও মেরামত | সভায় আলোচিত হয় যে, প্রকল্পের সংশোধিত ডিপিপি একনেক কর্তৃক সম্প্রতি অনুমোদিত হয়েছে। চলতি অর্থ-বছরে অতিরিক্ত বরাদ্দ পাওয়া গিয়েছে। গণপূর্ত অধিদপ্তরের কর্মকর্তা সভায় জানান যে, গোপালগঞ্জ ও ঝালকাঠি ছাড়া সকল সাইটের টেন্ডার আহবান করা হয়েছে। সেপ্টেম্বর'১৮-এর মধ্যে সকল টেন্ডার কার্যক্রম সম্পন্ন হবে। ডিসেম্বর'১৮-এর মধ্যে প্রকল্পের সকল পূর্ত কাজ সম্পন্ন করা হবে। প্রকল্প পরিচালক জানান যে রাজশাহীতে জেলা প্রশাসন এবং ঝালকাঠিতে শিশু একাডেমি জেলা শিল্পকলা একাডেমিতে অবস্থান করায় মেরামত কাজ করা যাচ্ছে না। এছাড়া, হবিগঞ্জ ও শেরপুর জেলায় জেলা কালচারাল অফিসার না থাকায় প্রকল্পের মনিটরিং-এ দুর্বলতা রয়েছে। প্রকল্পের বিষয়ে গণপূর্ত অধিদপ্তরের প্রতিনিধি প্রকল্পের সকল কাজ ডিসেম্বর ২০১৮-এর মধ্যে সমাপ্ত হবে মর্মে নিশ্চয়তা প্রদান করেন। | ২.২.১. গণপূর্ত অধিদপত্রকে সেপ্টেম্বর ২০১৮-এর মধ্যে সকল প্রকার দরপত্র আহবান ও অনুমোদনের কাজ সমাপ্ত করতে হবে;<br>২.২.২. ডিসেম্বর ২০১৮-এর মধ্যে প্রকল্প আবশ্যিকভাবে সমাপ্ত করতে হবে;<br>২.২.৩. রাজশাহী এবং ঝালকাঠি জেলা প্রশাসনকে শিল্পকলা একাডেমি প্রকল্পের কাজে সহযোগিতার জন্য পত্র প্রেরণ করবে;<br>২.২.৪. হবিগঞ্জ ও শেরপুর জেলায় জেলা কালচারাল অফিসার পদায়ন নিশ্চিত করতে হবে; এবং<br>২.২.৫. প্রকল্পটির নিবিড় পরিবীক্ষণের বিষয়ে শিল্পকলা একাডেমি সুনির্দিষ্ট দায়িত্ব প্রদান করবে। (Focal point কর্মকর্তা মনোনয়ন দিতে হবে)। | প্রকল্প পরিচালক ও উপপ্রধান, সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয় |
| ২.৩. | জাতীয় চিত্রশালা এবং জাতীয় সংগীত ও নৃত্যকলা কেন্দ্রের সম্প্রসারণ ও অসমাপ্ত কাজ সমাপ্তকরণ। | প্রকল্পটির অনুকূলে ২০১৮-১৯ অর্থবছরের এডিপিতে ১৫ কোটি টাকা বরাদ্দ রয়েছে। তা হ্রাস করে ১০ কোটি টাকা নির্ধারণের প্রস্তাব পরিকল্পনা কমিশনের বিবেচনাধীন রয়েছে। প্রকল্প পরিচালক জানান যে পরামর্শক নিয়োগের বিষয় চূড়ান্ত হলেই নির্মাণ কাজ আরম্ভ করা যাবে। সচিব মহোদয় প্রকল্পের ডিজাইন চূড়ান্ত করে দ্রুততার সাথে দরপত্র প্রক্রিয়াকরণের বিষয়ে গুরুত্বারোপ করেন। | ২.৩.১. ভবনের ডিজাইন চূড়ান্ত করতে হবে; এবং<br>২.৩.২. দরপত্র আহবানের বিষয়ে সময় ভিত্তিক কর্মপরিকল্পনা মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে। | বাংলাদেশ শিল্পকলা একাডেমি |
| ২.৪. | কুষ্টিয়া জেলা শিল্পকলা একাডেমির ভবন নির্মাণ। | প্রকল্পটির অনুকূলে ২০১৮-১৯ অর্থবছরের এডিপিতে ১০ কোটি টাকা বরাদ্দ রয়েছে। প্রকল্প পরিচালক জানান যে, ইতোমধ্যে ঠিকাদারকে কার্যাদেশ প্রদান করা হয়েছে। ঠিকাদার নির্মাণ কাজ শুরু করেছে। | ২.৪.১. প্রকল্পটি জুন ২০১৯-এর মধ্যে শেষ করতে হবে। | মহাপরিচালক, বাংলাদেশ শিল্পকলা একাডেমি |
| ২.৫. | ছয়টি জেলা পাবলিক লাইব্রেরির উন্নয়ন | প্রকল্প পরিচালক বলেন যে, প্রকল্প বাস্তবায়নের ক্ষেত্রে আপাততঃ কোন সমস্যা নেই। প্রকল্পটির অনুকূলে ২০১৮-১৯ অর্থবছরের এডিপিতে ১০কোটি ৪৮ লক্ষ টাকা বরাদ্দ রয়েছে। চাঁদপুর ব্যতিত অন্যান্য পাঁচটি পাবলিক লাইব্রেরির নির্মাণ কাজ প্রায় সমাপ্ত। সেপ্টেম্বর'১৮-তে উদ্বোধনের জন্য ব্যবস্থা নেয়া যাবে। প্রকল্পের আওতাধীন আসবাবপত্র ও বই, সাময়িকী ক্রয় করা হচ্ছে। | ২.৫.১. উদ্বোধনযোগ্য সাইটগুলোর সংক্ষিপ্ত বর্ণনা ও ছবি মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে; এবং<br>২.৫.২. প্রকল্পের অন্যান্য সংগ্রহ কার্যক্রম যথাসময়ে সমাপ্ত করতে হবে। | গণগ্রন্থাগার অধিদপ্তর ও প্রকল্প পরিচালক |

| ক্রম | প্রকল্পের নাম | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| ২.৬. | চট্টগ্রাম মুসলিম ইনস্টিটিউট সাংস্কৃতিক কমপ্লেক্স স্থাপন। | প্রকল্পটির অনুকূলে ২০১৮-১৯ অর্থবছরের এডিপিতে ১০ কোটি টাকা বরাদ্দ রয়েছে। মহাপরিচালক, গণগ্রন্থাগার অধিদপ্তর বলেন যে, প্রকল্পের জন্য এখনো কোন প্রকল্প-পরিচালক নিয়োগ হয়নি বিধায় কার্যক্রম ব্যাহত হচ্ছে। তিনি প্রকল্প সাইট পরিদর্শন করেছেন এবং ওয়াসা কর্তৃপক্ষের সাথে আলোচনা করেছেন। প্রকল্প এলাকায় ওয়াসার পাইপ স্থানান্তরের জন্য অনুরোধ করেছেন। গণপূর্ত অধিদপ্তরের প্রতিনিধি জানান যে প্রকল্পের ঠিকাদার নির্বাচিত হয়েছে। সাইটে বিদ্যমান গ্রন্থাগারটিকে অন্যত্র স্থানান্তর করতে হবে। সচিব মহোদয় বলেন, প্রকল্পটি অত্যন্ত গুরুত্বপূর্ণ ও এর বরাদ্দও অনেক বেশি হওয়ায় দ্রুততার সাথে সকল কাজ বাস্তবায়ন করা প্রয়োজন। ওয়াসার সাথে যোগাযোগ করে তাদের মতামত সংগ্রহ করা জন্য তিনি নির্দেশনা প্রদান করেন। | ২.৬.১. ওয়াসা কর্তৃপক্ষের সাথে যোগাযোগ করে প্রয়োজনীয় ব্যবস্থা নিতে হবে;<br>২.৬.২. প্রকল্পের ডিজাইনের কোন সংশোধন প্রয়োজন হলে দ্রুত ব্যবস্থা নিতে হবে; এবং<br>২.৬.৩. সাইটে বিদ্যমান গ্রন্থাগারটিকে অন্যত্র স্থানান্তরে জরুরি ব্যবস্থা গ্রহণ করতে হবে। সমগ্র বিষয়টি মন্ত্রণালয়ের প্লানিং সেল মনিটর করবে। | গণগ্রন্থাগার অধিদপ্তর, গণপূর্ত অধিদপ্তর এবং মন্ত্রণালয়ের প্লানিং সেল |
| ২.৭. | অনলাইনে গণগ্রন্থাগারসমূহের ব্যবস্থাপনা ও উন্নয়ন' প্রকল্প | প্রকল্পটির প্রাক্কলিত মোট ব্যয় ২৯ কোটি ৫১ লক্ষ টাকা। প্রকল্পের বাস্তবায়নকাল নভেম্বর ২০১৭ থেকে ডিসেম্বর ২০১৯ পর্যন্ত। ২০১৮-১৯ অর্থ-বছরের আরএডিপিতে ১০ কোটি টাকা বরাদ্দ রয়েছে। প্রকল্পের কাজ চলমান রয়েছে, বর্তমানে কোন জটিলতা নেই মর্মে প্রকল্প পরিচালক সভাকে অবহিত করেন। | ২.৭.১. প্রকল্পের আওতায় সংগৃহীত যন্ত্রপাতির তালিকা মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে এবং ডিপিপি অনুযায়ী প্রকল্পটি বাস্তবায় কার্যক্রম পরিচালনা করতে হবে। | গণগ্রন্থাগার অধিদপ্তর এবং মন্ত্রণালয়ের প্লানিং সেল |
| ২.৮. | খাগড়াছড়ি ক্ষুদ্র নৃগোষ্ঠীর সাংস্কৃতিক ইনস্টিটিউট ভবন সম্প্রসারণ ও উন্নয়ন | এই প্রকল্পটির প্রাক্কলিত মোট ব্যয় ১০ কোটি পাঁচ লক্ষ টাকা। প্রকল্পের বাস্তবায়নকাল জুলাই ২০১৬ থেকে জুন ২০১৯ পর্যন্ত। ২০১৮-১৯ অর্থবছরের এডিপিতে পাঁচ কোটি টাকা বরাদ্দ রয়েছে। গণপূর্ত অধিদপ্তরের প্রতিনিধি জানান ২৯.০৮.২০১৮ তারিখে ঠিকাদারকে কার্যাদেশ দেয়া হয়েছে। সাইটে বিদ্যমান ভবন ভাংতে হবে। | ২.৮.১. পূর্ত কাজ আরম্ভ করার জন্য গণপূর্ত অধিদপ্তর জরুরি পদক্ষেপ গ্রহণ করবে; | প্রকল্প পরিচালক ও গণপূর্ত অধিদপ্তর |
| ২.৯. | আধুনিক প্রযুক্তির মাধ্যমে সাংস্কৃতিক ঐতিহ্য সংরক্ষণ | প্রকল্পটির প্রাক্কলিত মোট ব্যয় নয় কোটি এক লক্ষ ৯৪ হাজার টাকা। প্রকল্পের বাস্তবায়নকাল জানুয়ারি ২০১৬ থেকে ডিসেম্বর ২০১৮ পর্যন্ত। ২০১৮-১৯ অর্থ বছরের এডিপিতে দুই কোটি ৪৬ লক্ষ টাকা বরাদ্দ রয়েছে। প্রকল্পটি চলতি অর্থ বছরে সমাপ্ত হবে। প্রকল্পের প্রায় সকল কাজ শেষ। দ্রুত যন্ত্রপাতি আমদানীর উদ্দেশ্যে সিডি ভ্যাট বাবদ জাদুঘরের তহবিল থেকে অর্থ পরিশোধ করা হয়েছিল যা পরবর্তীতে সমন্বয়ের ক্ষেত্রে জটিলতা দেখা দিয়েছে। | ২.৯.১. প্রকল্পের সিডিভ্যাট পরিশোধের বিষয়ে জটিলতা নিরসনের জন্য অর্থ বিভাগে যোগাযোগ করতে হবে। | জাতীয় জাদুঘর এবং মন্ত্রণালয়ের প্লানিং সেল |
| ২.১০. | গণহত্যা নির্যাতন ও মুক্তিযুদ্ধ বিষয়ক গবেষণা কেন্দ্র নির্মাণ। | প্রকল্পটির প্রাক্কলিত মোট ব্যয় ২১ কোটি ৪৩ লক্ষ ২৯ হাজার টাকা। এর মধ্যে জিওবি খাতে বরাদ্দ নয় কোটি ৭৫ লক্ষ ৯৮ হাজার টাকা। ২০১৮-১৯ অর্থ-বছরের এডিপিতে তিন কোটি ৯০ লক্ষ টাকা বরাদ্দ রয়েছে। প্রকল্পে কোন সমস্যা নেই। প্রশিক্ষণ, সেমিনার, জরিপ, গবেষণা এবং আর্কাইভস-এর জন্য উপাদান সংগ্রহের কাজ চলছে। ২৮-২৯ সেপ্টেম্বর ঢাকায় একটি আন্তর্জাতিক সেমিনার অনুষ্ঠিত হবে। সংস্থার নিজস্ব তহবিলের অর্থ প্রকল্পের কোন খাতে ব্যয় করা হয়েছে তার বিবরণ সভায় জানতে চাওয়া হয়। | ২.১০.১. প্রকল্পের ভৌত কাজ দ্রুত এগিয়ে নিতে হবে; এবং<br>২.১০.২. প্রকল্পের জন্য সংস্থার নিজস্ব অর্থায়ন কোন খাতে ব্যয় করা হয়েছে তার বিবরণ মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে। | ১৯৭১: গণহত্যা-নির্যাতন আর্কাইভস ও জাদুঘর ট্রাস্ট এবং মন্ত্রণালয়ের প্লানিং সেল |

| ক্রম | প্রকল্পের নাম | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| ২.১১. | কপিরাইট ভবন নির্মাণ | প্রকল্পটির প্রাক্কলিত মোট ব্যয় ৪৬ কোটি ১০ লক্ষ ৯৭ হাজার টাকা। প্রকল্পের বাস্তবায়নকাল জুলাই ২০১৬ থেকে জুন ২০১৯ পর্যন্ত। ২০১৮-১৯ অর্থ বছরের এডিপিতে ৮ কোটি ২৫ লক্ষ টাকা বরাদ্দ রয়েছে। বরাদ্দ হ্রাসের জন্য প্রস্তাব করা হয়েছে। প্রকল্প এলাকা বস্তিবাসীদের দখলে থাকায় নির্মাণ কাজ শুরু করা সম্ভব হচ্ছে না। বস্তি অপসারণের বিষয়ে গণপূর্ত অধিদপ্তরের সাথে আলোচনা করে ব্যবস্থা গ্রহণের জন্য প্রকল্প পরিচালককে পরামর্শ দেয়া হয়। | ২.১১.১. বস্তি অপসারণের বিষয়ে স্থানীয় মাননীয় সংসদ সদস্যের সহযোগিতা নিয়ে দ্রুত প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে; এবং<br>২.১১.২. প্লানিং সেল বিষয়টি সমন্বয় করবে। | প্রকল্প পরিচালক ও গণপূর্ত অধিদপ্তর এবং মন্ত্রণালয়ের প্লানিং সেল |
| ২.১২. | তিনটি জেলায় তিনজন বরেণ্য ব্যক্তির স্মৃতিকেন্দ্র/ সংগ্রহশালা স্থাপন। | প্রকল্পটির প্রাক্কলিত মোট ব্যয় সাত কোটি ৯৩ লক্ষ ৪৫ হাজার টাকা। প্রকল্পের বাস্তবায়নকাল জুলাই ২০১৬ হতে ডিসেম্বর ২০১৮ পর্যন্ত। ২০১৮-১৯ অর্থবছরের এডিপিতে তিন কোটি ৪৫ লক্ষ টাকা বরাদ্দ রয়েছে। প্রকল্প পরিচালক জানান যে প্রকল্পের নির্মাণ কাজ শুরু হয়েছে তবে, প্রকল্পের মেয়াদ বৃদ্ধির প্রয়োজন হতে পারে। | ২.১২.১. প্রকল্পের মেয়াদ বৃদ্ধির প্রয়োজন হলে স্টিয়ারিং কমিটির সভায় যৌক্তিকতা উপস্থাপন করতে হবে। | প্রকল্প পরিচালক এবং মন্ত্রণালয়ের প্লানিং সেল |
| ২.১৩. | নজরুলের অপ্রচলিত গানের সুর সংগ্রহ, স্বরলিপি প্রণয়ন, সংরক্ষণ, প্রচার এবং নবীন প্রজন্মকে উদ্বুদ্ধকরণ। | প্রকল্পটির প্রাক্কলিত মোট ব্যয় দশ কোটি ১৩ লক্ষ ৮৫ হাজার টাকা। প্রকল্পের বাস্তবায়নকাল জুলাই ২০১৭ থেকে ডিসেম্বর ২০১৯ পর্যন্ত। ২০১৮-১৯ অর্থ-বছরের এডিপিতে তিন কোটি টাকা বরাদ্দ রয়েছে। প্রকল্প পরিচালক জানান যে পরিকল্পনা অনুযায়ী কাজ বাস্তবায়ন করা হচ্ছে। | ২.১৩.১. পরিকল্পনা মাফিক সকল কাজ বাস্তবায়ন করতে হবে এবং মনিটরিং অব্যহত রাখতে হবে। | কবি নজরুল ইন্সটিটিউট এবং মন্ত্রণালয়ের প্লানিং সেল |
| ২.১৪. | 'ঢাকাস্থ নজরুল ইনস্টিটিউটের নতুন ভবন নির্মাণ এবং ঢাকা, ময়মনসিংহ ও কুমিল্লায় বিদ্যমান ভবনের রিনোভেশন' প্রকল্প | প্রকল্পটির প্রাক্কলিত মোট ব্যয় ৪৭ কোটি ৯৮ লক্ষ ৭৩ হাজার টাকা। প্রকল্পের বাস্তবায়নকাল জুলাই ২০১৮ থেকে ডিসেম্বর ২০২০ পর্যন্ত। ২০১৮-১৯ অর্থ-বছরের এডিপিতে কোন বরাদ্দ দেয়া হয়নি। থোক বরাদ্দ হতে অর্থ বরাদ্দের জন্য পরিকল্পনা কমিশনে প্রস্তাব প্রেরণ করা হয়েছে। প্রকল্পের পরামর্শক নিয়োগের জন্য EOI আহবান করা হয়েছে, ১২টি প্রস্তাব জমা পড়েছে। প্রকল্প পরিচালক নিয়োগের প্রয়োজনীয় ব্যবস্থা নেয়া প্রয়োজন মর্মে সভায় জানানো হয়। | ২.১৪.১.প্রকল্পের পূর্ত কাজ এগিয়ে নেয়ার জন্য সকল প্রস্তুতিমূলক কাজ দ্রুত শেষ করতে হবে; এবং<br>২.১৫.২. প্রকল্প পরিচালক নিয়োগের বিষয়ে সংস্থা থেকে জনপ্রশাসন মন্ত্রণালয়ে যোগাযোগ করতে হবে। | কবি নজরুল ইন্সটিটিউট এবং মন্ত্রণালয়ের প্লানিং সেল |
| ২.১৫. | মণিপুরী ললিতকলা একাডেমির প্রশিক্ষণ সেন্টার, প্রশাসনিক ভবন ও গেষ্ট হাউজ নির্মাণ | প্রকল্পটির প্রাক্কলিত মোট ব্যয় ১৭ কোটি ৮০ লক্ষ ৬৩ হাজার টাকা। প্রকল্পের বাস্তবায়নকাল জুলাই ২০১৭ থেকে জুন ২০২০ পর্যন্ত। ২০১৮-১৯ অর্থ বছরের এডিপিতে পাঁচ কোটি টাকা বরাদ্দ রয়েছে। দরপত্র প্রক্রিয়া চলছে, শীঘ্রই ঠিকাদার নির্বাচন করা হবে। | ২.১৫.১. প্রকল্পের টেন্ডার প্রক্রিয়া ত্বরান্বিত করতে হবে। | প্রকল্প পরিচালক, মণিপুরী ললিতকলা একাডেমি |

**৩.০ রাজস্ব বাজেটের আওতায় বাস্তবায়নাধীন কর্মসূচিসমূহের বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা ও সিদ্ধান্ত :**

সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়ের অধীনে চলতি ২০১৮-১৯ অর্থ-বছরে রাজস্ব বাজেটের আওতায় একটি কর্মসূচি বাস্তবায়নাধীন রয়েছে। বাস্তবায়নাধীন কর্মসূচির ওপর সভায় আলোচনার পরিপ্রেক্ষিতে নিম্নবর্ণিত সিদ্ধান্তগুলো গৃহীত হয়:

| ক্রম | কর্মসূচির নাম | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| ৩.১. | বাংলাদেশের মুক্তিযুদ্ধের এনসাইক্লোপিডিয়া | কর্মসূচিটি মোট প্রাক্কলিত ব্যয় চার কোটি ৬৬ লক্ষ ১৩ হাজার টাকা। বাস্তবায়নকাল জুলাই ২০১৩ হতে জুন ২০১৯ পর্যন্ত। ২০১৮-১৯ অর্থ বছরে বরাদ্দ রয়েছে এক কোটি ৫১ লক্ষ টাকা। আগস্ট ২০১৮ পর্যন্ত অবমুক্ত করা হয়েছে ৩৭ লক্ষ ৭৫ হাজার টাকা। কর্মসূচি পরিচালক সভায় জানান, এ কর্মসূচিটির কার্যক্রম বাস্তবায়নে কোন সমস্যা নেই। কর্মসূচির আওতায় দশ খন্ড বাংলা এবং দশ খন্ড ইংরেজি ভার্সনের এনসাইক্লোপিডিয়া প্রকাশিত হবে। এ উদ্দেশ্য বাংলায় প্রায় ১৬ লক্ষাধিক এবং ইংরেজিতে ১৭ লক্ষাধিক সংগৃহীত শব্দমালা কম্পোজ করতে হবে। তন্মধ্যে বাংলা প্রায় ১১ লক্ষাধিক এবং ইংরেজি প্রায় চার লক্ষাধিক শব্দ ইতোমধ্যে কম্পোজ করা হয়েছে। আশা করা যায় ডিসেম্বর থেকে মুদ্রণের কাজ শুরু করা যাবে। | ৩.১.১. কর্মসূচির কার্যক্রম মনিটরিং অব্যহত রাখতে হবে; এবং<br>৩.১.২ নির্দিস্ট সময়ের মধ্যে মুদ্রণ কাজ সম্পন্ন করতে হবে। | বাংলাদেশ এশিয়াটিক সোসাইটি এবং মন্ত্রণালয়ের প্লানিং সেল |

৪.০. নির্ধারিত সকল বিষয় আলোচনার পর গঠনমূলক অংশগ্রহণের জন্য সকলকে, বিশেষত অন্যান্য মন্ত্রণালয়/বিভাগের প্রতিনিধিবৃন্দকে ধন্যবাদ জানিয়ে সভাপতি সভার সমাপ্তি ঘোষণা করেন ।

স্বাক্ষরিত/-
১২.০৯.২০১৮

আসাদুজ্জামান নূর এম.পি.
মন্ত্রী
সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়।